



বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



বিআরটিসি'র সংক্ষিপ্ত ইতিহাস

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) নিজস্ব আয়ে পরিচালিত একটি সেবামূলক রাষ্ট্রীয় গণপরিবহন সংস্থা। ১৯৬১ সালে সড়ক পরিবহন কর্পোরেশন অধ্যাদেশ নম্বর-৭ মোতাবেক আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে এ সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা অর্জনের পর ক্ষতিগ্রস্ত এ প্রতিষ্ঠানটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রত্যক্ষ দিক-নির্দেশনায় পুনঃগঠিত হয়ে নতুন আঙ্গিকে যাত্রা শুরু করে। বিআরটিসি আন্তঃজেলা ও সিটি সার্ভিসসহ সারা দেশের সকল অনুমোদিত রুটে নিরাপদ ও আধুনিক রাষ্ট্রীয় সড়ক পরিবহন ব্যবস্থা হিসেবে পরিচিত। যাত্রী ও পণ্য পরিবহন সেবার পাশাপাশি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে যাত্রী ও পণ্য পরিবহন, দক্ষ চালক ও কারিগর তৈরীসহ দক্ষ জনশক্তি সৃষ্টিতে এ সংস্থাটি ইতিবাচক ভূমিকা পালন করে আসছে। বর্তমান সরকার দুই মেয়াদে বিআরটিসি'র বহরে ২০৫৮টি আধুনিক নতুন বাস ও ট্রাক সংযোজন করে সংস্থার সক্ষমতা বৃদ্ধিসহ সেবা কার্যক্রম অব্যাহত রেখে চলছে। ইতোমধ্যে বিআরটিসি সারাদেশে তুলনামূলক সাশ্রয়ী মূল্যে দ্রুত, আরামপ্রদ ও মানসম্মত পরিবহন সেবা প্রদান করে জনগনের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে।